



জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধান২ বোরো মৌসুমে চাষ উপযোগী ব্রি উদ্ভাবিত একটি হাইব্রিড ধান। ইহার কৌলিক সারি বিআর১০৩৩এইচ (BR1033H)। এ জাতের ক্রস কম্বিনেশন হলো ব্রি১০ এ/ব্রি ১০ আর (BRRI 10A/BRRI 10R)। জাতটি ২০০৮ সালে জাতীয় বীজবোর্ড কর্তৃক অনুমোদন লাভ করে।

জাতের বৈশিষ্ট্য

- ▶ গাছের উচ্চতা ১০৫ সেমি।
- ▶ এর কাণ্ড ও পাতা ঘন সবুজ এবং খাড়া।
- ▶ চাল মাঝারি মোটা এবং ভাত ঝরঝরে।
- ▶ এ জাতের চালে ৯.০% প্রোটিন ও ২৩.৩% এম্যাইলোজ রয়েছে।

জীবনকাল

এ জাতের জীবনকাল ১৪৫ দিন।

ফলন

এ জাতের গড় ফলন ৮.০ টন/হেক্টর।



ব্রি হাইব্রিড ধান২

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : বীজ বপনের উপযুক্ত সময় হলো ০১ অগ্রাহায়ণ থেকে ৩০ অগ্রাহায়ণ পর্যন্ত অর্থাৎ ১৫ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বর।
২. চারা রোপণঃ চারা রোপনের উপযুক্ত সময় হলো ০১ পৌষ থেকে ৩০ পৌষ পর্যন্ত অর্থাৎ ১৫ ডিসেম্বর থেকে ১৫ জানুয়ারী।
৩. বীজের হারঃ ১৫-২০ কেজি/হেক্টর।
৪. চারার বয়সঃ ৩০-৩৫ দিনের চারা।
৫. রোপণ দূরত্বঃ ২০ সেমি × ১৫ সেমি ব্যবধানে রোপণ করতে হবে।
৬. চারার সংখ্যাঃ প্রতি গোছায় ১-২টি করে।
৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ

	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা
	৩৬	১৭	১৬	৯	১
৭.১ জমি তৈরির সময়	১২	১৭	১১	৯	১
৭.২ চারা রোপণের ১৫-২০ দিন পর	১২		৫		
৭.৩ চারা রোপণের ৪০-৪৫ দিন পর	১২				

(ইউরিয়া সার সমান ৩ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি তৈরির সময়, ২য় কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর এবং ৩য় কিস্তি চারা রোপনের ৪০-৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম)।

৮. আগাছা দমনঃ রোপনের পর অন্তত ৪৫ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।
৯. সেচ ব্যবস্থাপনাঃ ধানের দুধ অবস্থা পর্যন্ত জমিতে যথেষ্ট পরিমাণ রসের ব্যবস্থা রাখতে হবে।
১০. রোগ বলাই ও পোকামাকড় দমনঃ সমন্বিত বলাই ব্যবস্থাপনার মাধ্যমে পোকার দমন সম্ভব।

১১. ফসল কাটাঃ ধান কাটার উপযুক্ত সময় হলো ২৫ চৈত্র থেকে ৫ বৈশাখ পর্যন্ত অর্থাৎ ৮ এপ্রিল থেকে ১৮ এপ্রিল। শীষের অগ্রভাগের শতকরা ৮০ ভাগ ধান সোনালী রং ধারণ করলে ধান কাটা শুরু করতে হবে।

আরো তথ্যের জন্যঃ

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২
ফ্যান্ট শীট ১৬